গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর**
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

নং-৫৮.০১.০০০০.১০১.৪৭.১৯৭.১২(অংশ)- ৬৪৫

তারিখঃ ২০ ফাল্গুন ১৪৩০ / ০৪ মার্চ ২০২৩

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ শাহরিয়ার মোর্শেদ, পিতা- এস. এম মহসীন, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- কাকনপাড়া, ডাকঘর- কাকন হাট, থানা/উপজেলা- গোদাগাড়ী, জেলা-রাজশাহী; বর্তমানে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্ত), ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ঢাকায় কর্মরত আছেন। গত ১৬/০৬/২০২২ খ্রিঃ তারিখে তাকে ইমিগ্রেশন চেকপোস্ট, ভোমরা, সাতক্ষীরা (সংযুক্তঃ আঞ্চলিক পাসপোর্ট অফিস, গাইবান্ধা) হতে ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ঢাকায় বদলি আদেশ প্রদান করা হয় এবং ২০/০৬/২০২২ খ্রিঃ তারিখে সংযুক্ত কর্মস্থল আঞ্চলিক পাসপোর্ট অফিস, গাইবান্ধা হতে এবং ২১/০৬/২০২২ খ্রিঃ তারিখে পদস্থ কর্মস্থল ইমিগ্রেশন চেকপোস্ট, ভোমরা, সাতক্ষীরা হতে অব্যাহতিপূর্বক বদলিকৃত কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশনা প্রদান করা হলে তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি। দীর্ঘদিন বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে অনুপস্থিত থাকার বিষয়টি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী ২২/০৬/২০২২ খ্রিঃ তারিখ হতে ০৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি প্রাথমিকভাবে প্রমাণিত হয়। প্রাথমিক তদন্ত প্রতিবেদন অনুযায়ী তিনি অনুপস্থিতকালে শারীরিকভাবে অসুস্থ থাকার স্বপক্ষে ডাক্তারের ব্যবস্থাপত্র, হাসপাতালের ছাড়পত্রসহ ডায়াগনোসিসের যে রিপোর্ট দাখিল করেছেন তা সঙ্গতিপূর্ণ নয়, অর্থাৎ তিনি কর্তৃপক্ষের নিকট অসঙ্গত ও ভিত্তিহীন প্রমাণক উপস্থাপন করেছেন; এবং

০২। যেহেতু, তিনি ২২/০৬/২০২২ খ্রিঃ হতে ০৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে ৪৪২(চারশত বিয়াল্লিশ) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন; এবং

০৩। যেহেতু, তিনি পূর্বেও কর্মকর্তার অনুমতি ব্যতিত বেশ কয়েকবার কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং এতদ্বিষয়ে ইতিপূর্বে রুজুকৃত বিভাগীয় মামলায় অধিদপ্তরের স্মারক নং-৫৮.০১.০০০০.১০১.৪৭.১৯৭.১২.১২৬২, তারিখঃ ১৬/০৮/২০২০ খ্রিঃ এর মাধ্যমে অসদাচরণের অভিযোগে "০৫(পাঁচ) বছরের জন্য পদোন্নতি স্থগিতকরণ" লঘুদণ্ড প্রদান হয়েছে, এতদ্‌সত্ত্বেও তিনি স্বভাবসুলভভাবে পুনরায় শাস্তিযোগ্য অপরাধ সংগঠিত করেছেন; এবং

০৪। যেহেতু, উল্লিখিত অভিযোগসমূহের ভিত্তিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ (Misconduct)' এবং ৩(গ) বিধিমতে 'পলায়ন (Desertion)' এর অভিযোগে বিভাগীয় মামলা নম্বর ১১/২০২৩ রুজু করতঃ ১১/০৯/২০২৩ খ্রিঃ তারিখে ৫৮.০১.০০০০.১০১.৪৭.১৯৭.১২(অংশ).১৪৮৬ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়ণপূর্বক তার নিকট প্রেরণ করা হয়; এবং

০৫। যেহেতু, তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর লিখিত জবাব দাখিল করেন এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি গ্রহণের ইচ্ছাপোষণ করেন, তদপ্রেক্ষিতে তার আবেদন অনুযায়ী বিগত ২৯/১০/২০২৩ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; ব্যক্তিগত শুনানি অন্তে তার বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায়বিচারের স্বার্থে সরকারি বিধি মোতাবেক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৬। যেহেতু তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ (Misconduct)' এবং ৩(গ) বিধিমতে 'পলায়ন (Desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

০৭। যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদন অনুযায়ী আনীত তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ (Misconduct)' এবং ৩(গ) বিধিমতে 'পলায়ন (Desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) অনুযায়ী কেন তাকে সরকারি 'চাকরি হতে বরখাস্ত' করা হবে না-সে মর্মে ২৮/০১/২০২৪ খ্রিঃ তারিখের ৫৮.০১.০০০০.১০১.৪৭.১৯৭.১২(অংশ).১৪৭ নম্বর স্মারকমূলে উক্ত বিধিমালার ৭(৯) অনুসারে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

০৮। যেহেতু, তিনি ১৩/০২/২০২৪ খ্রিঃ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন এবং তার দ্বিতীয় কারণ দর্শানোর জবাব, তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট বিধি-বিধান ও সার্বিক বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ (Misconduct)' এবং ৩(গ) বিধিমতে 'পলায়ন (Desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি গুরুদণ্ড পাওয়ার যোগ্য;

(চলমান পাতা/০২)

০৯। সেহেতু, জনাব মোঃ শাহরিয়ার মোর্শেদ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্ত), ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ)বিধিমতে 'অসদাচরণ (Misconduct)' এবং ৩(গ) বিধিমতে 'পলায়ন (Desertion)' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' গুরুদণ্ড প্রদান করা হলো।

১০। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৪/৩/২৪

মেজর জেনারেল মোঃ নুরুল আনোয়ার
বিএসপি, এসজিপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, জি
মহাপরিচালক।

নং- ৫৮.০১.০০০০.১০১.৪৭.১৯৭.১২(অংশ).৬৪৫

তারিখঃ ২০ ফাল্গুন ১৪৩০ / ০৪ মার্চ ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)/(ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, ডাটা সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। পরিচালক/উপপরিচালক/সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিস, ................।
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস/ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ................................................।
৮। উপপরিচালক, ক্রয় ব্যবস্থাপনা/পাসপোর্ট/ভিসা ও ইমিগ্রেশন/বাজেট ও নিরীক্ষা/ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার/ পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও কর্মসম্পাদন/সিআই শাখা, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৯। উপপরিচালক, ভিসা সেল, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১০। সহকারী পরিচালক, ক্রয় ব্যবস্থাপনা/পাসপোর্ট/ভিসা ও ইমিগ্রেশন/ডাটা ও পার্সোনালাইজেশন সেন্টার/প্রশিক্ষণ ও কর্মসম্পাদন/পরিকল্পনা ও উন্নয়ন/ সিআই/হিসাব ও অর্থ শাখা, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১১। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১২। মহাপরিচালক পরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪। জনাব মোঃ শাহরিয়ার মোর্শেদ, পিতা- এস. এম মহসীন, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- কাকনপাড়া, ডাকঘর- কাকন হাট, থানা/উপজেলা- গোদাগাড়ী, জেলা-রাজশাহী।
১৫। সংশ্লিষ্ট নথি।

০৪/০৩/২০২৪

(মোঃ সালেহ উদ্দিন)
সহকারী পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ০২-৮১৮১০৭২
adadmin@passport.gov.bd